গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ২১

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

১৯৭৪ সালের ১৯ জুন প্রতিষ্ঠা লাভের পর পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া তার আবশ্যিক দায়িত্ব হিসেবে প্রশিক্ষণ, গবেষণা, প্রায়োগিক গবেষণা ও পরামর্শক সেবা প্রদান করে যাচ্ছে। পল্লী উন্নয়নের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত সরকারি, বেসরকারি, স্বায়ত্বশাসিত সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, জনপ্রতিনিধি, সমবায় সমিতির সদস্য, একাডেমী কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রকল্পের সুফলভোগী, পল্লী অঞ্চলের বেকার মহিলা ও যুবক, ভূমিহীন কৃষক, এনজিও কর্মী, ইমাম, শিক্ষক, দেশী-বিদেশী সরকারি ও বেসরকারি সাধারণ ও বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করে যাচ্ছে। গত তিন বছরে মোট ১,০৫,১০৯ জনকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রুপান্তরিত করা হয়েছে; গবেষণার আওতায় মোট ৯১টি গবেষণা সম্পন্ন হয়েছে ও ১৭টি প্রায়োগিক গবেষণা পরিচালনার মাধ্যমে বিভিন্ন পল্লী উন্নয়ন মডেল উদ্ভাবন করা হয়েছে। উদ্ভাবিত মডেলসমূহের মধ্যে আধুনিক ও দক্ষ সেচ ব্যবস্থাপনা প্রযুক্তি, জমিতে আইল উঠিয়ে সমবায় ভিত্তিক কৃষি যান্ত্রিকীকরণ, আমার গ্রাম আমার শহর বাস্তাবায়ন বিষয়ক ধারণা তৈরি ও কর্মশালা সম্পন্ন, কমিউনিটি ভিত্তিক দেশী মুরগী পালন পদ্ধতি এবং ট্রাইকো কম্পোস্ট ব্যবহারের মাধ্যমে জমির উর্বরতা শক্তি বৃদ্ধি উল্লেখযোগ্য। এছাড়া জলবায়ু পরিবর্তন জনিত পরিস্থিতি মোকাবিলায় একাডেমী ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়নে নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও বায়োগ্যাস প্রযুক্তি সম্প্রসারণ করেছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

একাডেমী সর্বদাই আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার কাজ করে থাকে। কিন্তু উক্ত গবেষণালব্ধ ফলাফল বা একাডেমী উদ্ভাবিত মডেলসমূহ জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপকভাবে প্রচারিত হচ্ছে না। একাডেমীর অনুষদ সদস্যবৃন্দকে আন্তর্জাতিক মানে উন্নীত করণের জন্য পর্যাপ্ত সুযোগের অভাব রয়েছে। গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মানোন্নয়নে উদ্ভাবিত মডেলসমূহ সংশ্লিষ্ট পল্লীবাসীর কাছে দ্রুত পৌছানোই একাডেমীর মূল চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

উন্নয়ন সমস্যা নিরূপনে এবং সমাধানের লক্ষ্যে কমিউনিটি পর্যায়ে অংশগ্রহণ নিশ্চিত করা, কমিউনিটি ভিত্তিক সংগঠন, পল্লী উন্নয়নে সম্পৃক্ত ব্যক্তি এবং অন্যান্য স্টেক-হোল্ডারদের সঙ্গে সমন্বয় সাধন করা। পাবলিক-প্রাইভেট সংস্থার অংশীদারিত্বের মাধ্যমে নেটওয়ার্ক গড়ে তোলা। পল্লী দারিদ্র্য হ্রাস করার জন্য গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে মডেল উদ্ভাবন করা এবং উদ্ভাবিত মডেলসমূহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিস্তৃতি ঘটানোর লক্ষ্যে কর্মশালা, প্রদর্শনী, সংযোগ স্থাপন ও প্রশিক্ষণ সম্পন্ন করা । টেকসই উন্নয়নের লক্ষ্যে সমাপ্ত প্রকল্পের কার্যক্রমসমূহ একাডেমীতে স্থাপিত বিভিন্ন কেন্দ্রের মাধ্যমে পরিচালনা করা। জলবায়ু পরিবর্তনের সাথে সমন্বয় করে উদ্ভাবন অন্বেষন এবং জাতীয় পর্যায়ে অভিযোজন কৌশল প্রবর্তন করা। কাঙ্খিত সুবিধাভোগী নারীদের উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহণ নিশ্চিত করা।

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ▯ ৫৬০০ জনকে দক্ষ মানবসম্পদে রুপান্তর;
- ▯ ১৭টি গবেষণা পরিচালনা করা;
- ▯ ১৬টি প্রায়োগিক গবেষণা পরিচালনা করা এবং
- ▯ গবেষণা ও প্রায়োগিক গবেষণা হতে প্রাপ্ত ফলাফল ২২টি প্রকাশনার মাধ্যমে বিস্তার ঘটানো;

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ..জুলাই.. মাসের ..২৮.. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

 পল্লী উন্নয়নের কেন্দ্র হিসেবে শ্রেষ্ঠত্ব অর্জন।

১.২ অভিলক্ষ্য (Mission)

 দারিদ্র্য দূরীকরণে পল্লী উন্নয়নের বিভিন্ন মডেল ও প্রযুক্তি উদ্ভাবন ও বিস্তারের মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিত করণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. প্রশিক্ষণ প্রদান ও পরামর্শ সেবার মাধ্যমে উন্নয়ন কার্যক্রম গতিশীল করা।

২. গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন মডেল উদ্ভাবন;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. গ্রামীণ এলাকায় দারিদ্র্য দূরীকরনে প্রায়োগিক গবেষণার মাধ্যমে মডেল উদ্ভাবন ও বিভিন্ন সংস্থার সঙ্গে যৌথ গবেষণা পরিচালনা করা;

২. পল্লী উন্নয়নে সময়োপযোগী কৌশল উদ্ভাবন করা;

৩. কমিউনিটি পর্যায়ে অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে সমস্যা চিহ্নিত করে পল্লী উন্নয়ন মডেল গড়ে তোলা ও ইতিবাচক পরিবর্তনে তা ব্যবহারে উৎসাহ প্রদান করা; এবং

৪. একাডেমীর মডেলসমূহ সম্প্রসারণের জন্য বিভিন্ন ধরণের পরামর্শ সেবা প্রদান।

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২১-২০২২	২০২২-২০২৩		
দক্ষ গ্রামীণ জনগোষ্ঠী সৃষ্টি ও কর্মসংস্থান বৃদ্ধি	আয়বর্ধনমূলক প্রশিক্ষণ	জন (লক্ষ)	০.০৭৫	০.০৫০	০.০৫৬	০.০৫৭	০.০৫৭৫	প্রকল্প সুবিধাভোগী, সমিতি (ফরমাল/ ননফরমাল) অন্যান্য সরকারী/বেসরকারী সংস্থা	এপিসি ও বার্ষিক প্রতিবেদন
গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন মডেল উদ্ভাবন।	সম্পাদিত গবেষণা	সংখ্যা	২৮	২০	১৭	১৬	১৬	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, উপ-প্রকল্প গ্রহণকারী সমবায় সমিতি ও এনজিওসমূহ	এপিসি ও বার্ষিক প্রতিবেদন
সংশ্লিষ্ট গবেষণা এলাকার জনগনের জীবনযাত্রার মানোন্নয়ন	প্রায়োগিক গবেষণা পরিচালনা	সংখ্যা	১৬	১৭	১৬	১৫	১৫	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, উপ-প্রকল্প গ্রহণকারী সমবায় সমিতি ও এনজিওসমূহ	এপিসি ও বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য